



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং: ৭১০/ক/অনু/২০১৫/৮৯৭


তারিখ: ২৪/১০/২০১৯

বিষয়: শ্যামপুর বহুমুখী হাই স্কুল এন্ড কলেজ-এর ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরীর শ্যামপুর বহুমুখী হাই স্কুল এন্ড কলেজে কর্তব্যরত দুইজন সহকারী প্রধান শিক্ষকের বিরুদ্ধে দীর্ঘদিন যাবত জ্যেষ্ঠতা লঙ্ঘন, আর্থিক অনিয়ম, প্রশাসনিক অযোগ্যতা, অদক্ষতা, শারীরিক অক্ষমতা, দেশদ্রোহীতা সম্পর্কিত বিভিন্ন ধরনের অভিযোগ রয়েছে। এ প্রেক্ষিতে প্রকাশ্যে শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে দলাদলি, বিদ্বেষ, বিভাজন এবং প্রতিহিংসা তৈরি হচ্ছে। এতে প্রতিষ্ঠানটিতে শিক্ষা ব্যবস্থা দারুণভাবে বিঘ্নিত হচ্ছে। উল্লিখিত বিষয়ে সার্বিক তদন্ত চলমান রয়েছে।

তদন্তের পূর্ণাঙ্গ বিশ্লেষণ না পাওয়া পর্যন্ত উদ্ভূত সংকট নিরসনে এবং প্রতিষ্ঠানটিতে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার স্বার্থে সহকারী শিক্ষক জনাব মাহফুজা বানু-কে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদানের জন্য নির্দেশ দেয়া হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


২৪.১০.১৯

প্রফেসর ড. মো: হারুন-অর-রশিদ

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-৫৮৬১২৪৭৬

সভাপতি

গভর্নিং বডি

শ্যামপুর বহুমুখী হাই স্কুল এন্ড কলেজ (১০৮৪৭৩)

কদমতলী, ঢাকা